# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

সূত্র: নাসিক/ওয়ার্ড নং-১৭/২১২ তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.

## সভার নোটিশ

**বিষয়: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভায় যোগদান প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ০২/০৩/২০২৬ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় ১৭নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচী:-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।
৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।
৪। মশক নিধন কার্যক্রম।
৫। মা ও শিশু সহায়তা কার্যক্রম।

শুভেচ্ছান্তে,

২৬/০২/২০২৬

(মোহাম্মদ হান্নান মিয়া)
সভাপতি
১৭নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
কর নির্ধারক এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সনদ)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ১৭নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সবার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ হান্নান মিয়া<br>রাজস্ব কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সনদ)<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| ওয়ার্ড নং | : | ১৭ |
| সভার তারিখ | : | ০২/০৩/২০২৬খ্রি. |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকায় |
| সভার স্থান | : | ১৭নং ওয়ার্ড কার্যালয়। |

## সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও রাজস্ব আদায়কারী (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ হান্নান মিয়া কমিটির সদস্য সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান'কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কামিটির সদস্য সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরনীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১৭নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-২: অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে। | ১৭নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ যে সকল দাবী পেশ করেন; তা নিম্নরূপ:<br>১। বি.বি. সড়কের পূর্ব ও পশ্চিম পাশে ড্রেনসহ ফুটপাত নির্মাণ।<br>২। পাইকপাড়া বড় কবরস্থান ও পাইকপাড়া ছোট কবরস্থান উন্নয়ন।<br>৩। পাইকপাড়া মুক্তিযোদ্ধা সড়ক মেরামত।<br>৪। শান্তি নগর মসজিদ থেকে কামাল-জাফর এর বাড়ি পর্যন্ত পূনর্বাসন। | ১৭নং ওয়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ এবং যে সকল অবকাঠামো উন্নয়ন প্রস্তাবনা করা হয়েছে কর্মরত প্রকৌশলীর যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৫। নামাপাড়া মহসিনের বাড়ি থেকে আওলাদের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ।<br>৬। আমহাট্টা জল্লারপাড় জামে মসজিদ উন্নয়ন।<br>৭। পাইকপাড়া পুল থেকে কমিশনার গলি পর্যন্ত রাস্তা উন্নয়ন।<br>৮। জয় গোবিন্দ স্কুল থেকে নামাপাড়া শেষ মাথা পর্যন্ত রাস্তা উন্নয়ন।<br>৯। পাইকপাড়া ব্যাঙের ঘাটলা থেকে বড় কবরস্থান শেষ মাথা পর্যন্ত রাস্তা উন্নয়ন।<br>১০। পাইকপাড়া ব্যাঙের ঘাটলা রোড, ছোট কবরস্থান, বড় কবরস্থান রোডে নতুন সড়ক বাতি স্থাপন। | | |

**আলোচ্যসূচী-৩: অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ১৭নং ওয়ার্ড WLCC এর সদস্য সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চিত করন, সেবার মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি, আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনাব হেমায়েত হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা'কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়'কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ দাখিলের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন। জনাব মোঃ হযরত আলী উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানোন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের জন্য মাইকিং করার অনুরোধ জানান। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৭নং ওয়ার্ড WLCC কমিটি ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৪: মশক নিধন কার্যক্রম।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মশক নিধন কার্যক্রম। | ১৭নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান বলেন, মশক নিধন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে আমাদের ওয়ার্ডে ইতোমধ্যে বেশ কয়েকটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিয়মিতভাবে লার্ভা ধ্বংস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং ঝুঁকিপূর্ণ এলাকাগুলো চিহ্নিত করে সেখানে বিশেষ নজরদারি রাখা হয়েছে। জমে থাকা পানি অপসারণে পরিচ্ছন্নতা কর্মসূচি চলমান রয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ফগিং ও কীটনাশক | ১৭নং ওয়ার্ডের এসব কার্যক্রমকে সাধুবাধ জানিয়ে সকলকে ধন্যবাদ জানান এবং এ কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত হয়। | মশক নিধন শাখা, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | স্প্রে কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। পাশাপাশি ওয়ার্ডবাসীর মাঝে সচেতনতা বাড়াতে মাইকিং ও সরাসরি যোগাযোগের মাধ্যমে পরামর্শ প্রদান করা হচ্ছে। সকলের সহযোগিতায় এসব কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়ন হবে বলে আমরা আশাবাদী। | | |

**আলোচ্যসূচী-৫: মা ও শিশু সহায়তা কর্মসূচী।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মা ও শিশু সহায়তা কর্মসূচী। | মা ও শিশু সহায়তা কর্মসূচী বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কমিউনিটি কর্মী জনাব নাজিরুল ইসলাম বলেন, আপনারা ইতোমধ্যে অবগত আছেন যে, নিম্ন আয়ের মানুষের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি মাতৃত্বকালীন ভাতার ব্যবস্থা করেছে। ভাতার জন্য আবেদনকারীর ব্যাংক হিসাব, NID, ANC কার্ডসহ অনলাইনে আবেদন করতে হবে। অতঃপর আবেদনটি সিটি কর্পোরেশনের সমাজ কল্যাণ বিভাগে জমা দেওয়া যাবে। উল্লেখ্য যে, ১৭নং ওয়ার্ডে প্রতি মাসে সর্বোচ্চ ৫টি আবেদন জমা দেওয়া যাবে। | ১৭নং ওয়ার্ডে মাতৃত্বকালীন ভাতা প্রসঙ্গে জনসাধারনের মধ্যে প্রচারনা এবং আবেদন করে সিটি কর্পোরেশনে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৭নং ওয়ার্ড WLCC কমিটি এবং সমাজ কল্যাণ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২/০৬/২০২৫

(মোহাম্মদ হান্নান মিয়া)
সভাপতি
১৭নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
রাজস্ব কর্মকর্তা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সনদ)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# পরিশিষ্ট "ক"

## ১৭ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা।

তারিখ:

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ হান্নান মিয়া | সভাপতি | 01712-190062 | [illegible] |
| ০২ | জনাব মোঃ শাহজাহান | সদস্য | 01923-520423 | শাহজাহান |
| ০৩ | জনাব ফাহিম হাসান রুহান | সদস্য | 01896-122671 | Fahim |
| ০৪ | জনাব মোঃ মিজানুর রহমান | সদস্য | 01716-849823 | [illegible] |
| ০৫ | ডাঃ সাখায়াত হোসেন (সজীব) | সদস্য | 01913-499301 | |
| ০৬ | জনাব জামাল দেওয়ান | সদস্য | 01817-510651 | |
| ০৭ | জনাব মোঃ ওমর ফারুক | সদস্য | 01912-042339 | ওমর ফারুক |
| ০৮ | এড. রুজি | সদস্য | 01711-000841 | |
| ০৯ | জনাব কাজী জিয়াউল হাসান নাঈম | সদস্য | 01674-163311 | |
| ১০ | জনাব মোঃ রমু | সদস্য | 01819-895844 | রমু |

CamScanner

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১ | জনাব কাজী তানভীর হাসান | সদস্য | 01716-095622 | |
| ১২ | জনাব সাবিকুন নাহার | সদস্য | 01746-297783 | সাবিকুন নাহার |
| ১৩ | জনাব আফসানা শামীম | সদস্য | 01794-695559 | |
| ১৪ | জনাব আফরোজা আক্তার | সদস্য | 01775-574982 | [illegible] |
| ১৫ | জনাব হাজেরা আক্তার স্বপ্না | সদস্য | 01625-255779 | |
| ১৬ | জনাব মুরাদ হোসেন বাদল | সদস্য | 01675-989120 | মুরাদ |
| ১৭ | জনাব তানহা রহমান | সদস্য | 01818-597793 | [illegible] |
| ১৮ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | সদস্য সচিব | 01625-073686 | [illegible] |

CS CamScanner